

DCCI, BIDA team up to ease online services

FE DESK

Bangladesh Investment Development Authority (BIDA) and Dhaka Chamber of Commerce & Industry (DCCI) signed a Memorandum of Understanding (MoU) on Sunday for integration of services with BIDA's One Stop Services (OSS).

The OSS is an online facilitation mechanism that aims to bring relevant agencies and stakeholders together, coordinated and streamlined, to provide efficient and transparent services to the investors.

Director General-5 (Joint Secretary) of BIDA Md. Wahidul Islam and Secretary General (Acting), DCCI Afsarul Arifeen signed the document on behalf of their respective organisations. Secretary from the Prime Minister's Office Md. Tofazzel Hossain Miah was present on the occasion as the chief guest.

DCCI and BIDA also signed the MoU with the Ministry of Land, Department of Environment and RAJUK. 13 services will be provided online through these four organisations.

DCCI, according to the MoU, will provide two services which are issuing certificate of origin and membership certificate. In total 154 services through 35 organisations will be provided under the OSS. Meanwhile, using the OSS five companies got registration approval.

Secretary, PMO, Md. Tofazzel Hossain Miah also thanked DCCI for signing the MoU with BIDA as one of the largest voices of private sector in Bangladesh. He said for

Hopes high about better position in ease of doing business index

starting a business, license and certification are two important things and through the OSS these services will be available in a hassle-free manner. He believes that this initiative will create confidence and build trust among the business community and the investors. He also underscored the importance of maintaining coordination between public and private sector to expedite quality and quantitative investments in the country.

During the function, BIDA Executive Chairman Md. Sirazul Islam thanked DCCI for being on board with BIDA's initiative as the forefront of Bangladesh's private sector. He also said that there are three components- like process, time and cost that are very important in ease of doing business index. By implementing OSS, process, time and cost will automati-

cally come down, he said. Using digital platform will ease process and it will help remove corruptions as well. The OSS app is mobile compatible and there is an option of feedback to monitor its activities.

During the signing ceremony, DCCI President Shams Mahmud said it is a milestone and DCCI is honoured to be the first private sector organisation in Bangladesh to be associated with BIDA by signing this MoU. The OSS will open up a new window of opportunity to both local and foreign investors and the initiative will help improve Bangladesh's position in the Ease of Doing Business index, he said. Effective implementation of OSS will enhance employment generation, boost economic development, growth and help attain the dream of becoming a devel-

oped nation by 2041. Shams Mahmud also said that DCCI will work hand in hand with the government and BIDA to contribute in fulfilling the dream of building 'Digital Bangladesh' and attain the target of becoming a developed nation by 2041.

Land Secretary Md. Muksodur Rahman Patwary and Environment Secretary Ziaul Hassan, ndc also spoke on the occasion. They both congratulated DCCI as the first private sector representative to sign this MoU with BIDA. Land Secretary informed that export oriented industries now get the opportunity of having their land mutation within 7 working days. Environment Secretary said digital initiative like OSS will usher trade and investment opportunity in future which will boost employment generation.



Secretary from the Prime Minister's Office Md. Tofazzel Hossain Miah attended the MoU signing ceremony of BIDA and DCCI as the chief guest on Sunday

BIDA to provide 13 more services online

STAR BUSINESS REPORT

The Bangladesh Investment Development Authority (BIDA) yesterday teamed up with the land ministry, Rajdhani Unnayan Katripakha (Rajuk), the Department of Environment and Dhaka Chamber of Commerce and Industry (DCCI) to provide 13 kinds of services online.

The state-owned agency responsible for promotion and facilitation of private investment signed four letters of intent in its Dhaka office to provide the services through its One-Stop Service (OSS) platform.

The land ministry will provide e-mutations, e-ledgers, mutated ledgers through the OSS while the Dhaka chamber will give two services: issuance of the certificate of origin and membership certificate.

Rajuk will provide land use clearance,



plan approval, large and specialised project clearance and possession certificate and the Department of Environment will provide environmental and non-environmental clearance, environmental clearance renewal and environmental impact assessment

approval.

Licence and certification are the two most important paperwork in starting a business and through the OSS these services will be available in a hassle-free manner, said Md Tofazzel Hossain Miah, secretary of the

Prime Minister's Office, who attended the event as the chief guest.

This initiative will create confidence and build trust among the business community and the investors, he said.

He also underscored the importance of maintaining coordination between the public and private sector in expediting the quality and quantitative investments in the country.

"It is a milestone and DCCI is honoured to be the first private sector organisation in Bangladesh to be associated with BIDA," said Shams Mahmud, president of the chamber.

The OSS will open up a new window of opportunity to both local and foreign investors and the initiative will help improve Bangladesh's position in the Ease of Doing Business index.

READ MORE ON B3

of Doing Business index. Effective implementation of OSS will enhance employment generation, boost economic development and growth.

The chamber will work hand in hand with the government and BIDA to contribute to fulfilling the dream of building 'Digital Bangladesh' and attain the target of becoming a developed nation by 2041, Mahmud added.

Export-oriented industries will get the opportunity of having their land mutation within seven working days, said Md Muksodur Rahman Patwary, land secretary.

Digital initiative like OSS will usher trade and investment opportunity in future, which will boost employment generation, said Ziaul Hassan, the environment secretary.

Some 154 services will be provided through 35 organisations under the OSS.

There are three components like process, time and cost that are very important in climbing up the ease of doing business index, said Md Sirazul Islam, executive chairman of BIDA.

By implementing the OSS, the process, time and cost will automatically come down.

Using the digital platform will ease the process and it will help remove corruption as well.

The OSS app is mobile compatible and there is an option of feedback to monitor its activities, Islam added.

BIDA signs memo with 4 entities on integrating services with OSS

United News of Bangladesh · Dhaka

THE Bangladesh Investment Development Authority and Dhaka Chamber of Commerce and Industry on Sunday signed a memorandum of understanding on integration of services with BIDA's One Stop Services.

OSS is an online facilitation mechanism that aims to bring relevant agencies and stakeholders together, coordinated and streamlined, to provide efficient and transparent services to the investors.

BIDA director general-5 (joint secretary) Md Wahidul Islam and DCCI acting secretary general Afsarul Arifeen signed the document on behalf of their respective organisations.

Secretary from the Prime Minister's Office Md Tofazzel Hossain Miah was present on

the occasion as the chief guest.

BIDA also signed memorandum of understanding with the land ministry, the Department of Environment and Rajdhani Unnayan Kartripakkha. Thirteen services will be provided online through these four organisations.

DCCI, according to the memorandum, will provide two services – issue certificates of origin and membership certificates.

In total, 154 services through 35 organisations will be provided under the OSS.

Meanwhile, using the OSS five companies got registration approval.

Miah thanked DCCI for signing the memorandum with BIDA as one of the largest voices of private sector in Bangladesh.

He said for starting a business, licence and certification were two important

things and these services will be available in a hasslefree manner through the OSS.

'This initiative will create confidence and build trust among the business community and the investors,' he said, underscoring the importance of maintaining coordination between public and private sector to expedite quality and quantitative investments in the country.

BIDA executive chairman Md Sirazul Islam thanked DCCI for being on board with BIDA's initiative as the forefront of Bangladesh's private sector.

He said that there were three components – process, time and cost – that were very important in ease of doing business index.

By implementing the OSS, process, time and cost will automatically come down, he said.

Using a digital platform will ease the process and it will help remove corruption as well.

The OSS app is mobile compatible and there is an option of feedback to monitor its activities.

During the signing ceremony, DCCI president Shams Mahmud said that it was a milestone and the DCCI was honoured to be the first private sector organisation in Bangladesh to be associated with BIDA by signing this memorandum.

The OSS will open up a new window of opportunity for both local and foreign investors and the initiative will help improve Bangladesh's position in the Ease of Doing Business index, he said.

'Effective implementation of OSS will enhance employment generation, boost

Continued on Page 11 Col. 4

Continued from Page 10
economic development, growth and help attain the dream of becoming a developed nation by 2041.'

Mahmud said that DCCI would work hand in hand with the government and BIDA to contribute in fulfilling the dream of building 'Digital Bangladesh' and attain the target of becoming a developed nation by 2041.

Land secretary Md Muk-sodur Rahman Patwary and

environment secretary Ziaul Hassan both congratulated DCCI on becoming the first private sector representative to sign this deal with BIDA.

Muksodur said that export-oriented industries now got the opportunity of having their land mutation within seven working days. The environment secretary said that digital initiatives like OSS would usher in trade and investment opportunities in future which will boost employment generation.

BIDA, DCCI sign MoU for one stop services

Business Correspondent

Bangladesh Investment Development Authority (BIDA) and Dhaka Chamber of Commerce & Industry (DCCI) signed a Memorandum of Understanding (MoU) on Sunday for integrated use of One Stop Services (OSS).

The OSS is an online mechanism that aims at providing quick, efficient and transparent services to investors from one place under one roof to save time and cost.

Director General-5 (Joint Secretary) of BIDA Md Wahidul Islam and Secretary General (Acting), DCCI Afsarul Arifeen signed the document for their organizations. Secretary from the Prime Minister's Office Tofazzel Hossain Miah was present on the occasion as the chief guest.

Meanwhile, besides DCCI, BIDA has also signed MoU with the Ministry of Land, Department of Environment and RAJUK to provide 13 services online to them.

DCCI, according to the MoU, will provide two services which are issuing certificate of origin and membership certificate. In total 154 services through 35 organizations will be provided under the OSS. Meanwhile, using the OSS five companies got registration approval.

Secretary, PMO, Tofazzel Hossain Miah lauded DCCI for signing MoU with BIDA as one of the largest voices of private sector in Bangladesh. He said for starting a business, license and certification are two important things and through the OSS these services will be available in a hassle free manner.

He hopes this initiative will create confidence and build trust among the business community and the investors. He also underscored the importance of maintaining coordination between public and private sector to expedite quality and quantitative investments in the country.

BIDA Executive Chairman Md. Sirazul Islam praised DCCI for being on board with BIDA's initiative as forefront of Bangladesh's private sector. He said there are three components- like process, time and cost that are very important in achieving ease of doing business index.

By implementing OSS, process, time and cost will automatically come down, he said. Using digital platform ease of the process will be achieved and will help remove corruptions. The OSS app is a mobile application and with an option of feedback to monitor its activities.

BIDA's OSS to ease investment process

STAFF CORRESPONDENT

Bangladesh Investment Development Authority (BIDA) Executive Chairman, Md. Sirazul Islam said that BIDA's One Stop Services (OSS) will minimize the process, time and cost of investment in the country.

BIDA chairman also thinks that using digital platform will ease process and it will help remove corruptions as well.

The OSS is an online facilitation mechanism that aims to bring relevant agencies and stakeholders together, coordinated and streamlined, to provide efficient and transparent services to the investors.

BIDA executive chairman came up with the remark on while attending a Memorandum of Understanding (MoU) signing ceremony between BIDA and Dhaka Chamber of Commerce & Industry (DCCI) for integration of services with BIDA's OSS.

Director General of BIDA Md. Wahidul Islam and Secretary General (Acting), DCCI Afsarul Arifeen signed the agreement on behalf of their respective organisations.

Prime Minister's Office (PMO) Secretary Md. Tofazzel Hossain Miah joined the agreement signing programme virtually as the chief guest.

Speaking as the chief guest, Tofazzel Hossain said that for starting a business, license and certification are two important things and through the OSS these services will be available in a hassle free manner.

"This initiative will create confidence and build trust among the business community and the investors," said the Secretary from PMO thanking DCCI for signing MoU with BIDA as one of the largest voices of private sector in Bangladesh.

During the signing ceremony, DCCI President Shams Mahmud said that it is a milestone and DCCI is honoured to be the first private sector organization in Bangladesh to be associated with BIDA by signing this MoU.

The OSS will open up a new window of opportunity to both local and foreign investors and the initiative will help improve Bangladesh's position in the Ease of Doing Business index, said Shams Mahmud.

"DCCI will work hand in hand with the government and BIDA to contribute in fulfilling the dream of building 'Digital Bangladesh' and attain the target of becoming a developed nation by 2041," he added.

According to the MoU, DCCI will provide two services which are issuing certificate of origin and membership certificate. In total 154 services through 35 organizations will be provided under the OSS. Meanwhile, using the OSS five companies got registration approval.

Land Secretary Md. Muksodur Rahman Patwary and Environment Secretary Ziaul Hassan also spoke on the occasion.

BIDA, DCCI sign MoU to integrate services with OSS

Business Desk

Bangladesh Investment Development Authority (BIDA) and Dhaka Chamber of Commerce & Industry (DCCI) signed a Memorandum of Understanding (MoU) on Sunday for integration of services with BIDA's One-Stop Services (OSS). The OSS is an online facilitation mechanism that aims to bring relevant agencies and stakeholders together, coordinated and streamlined, to provide efficient and transparent services to the investors.

Director General-II of BIDA, Md. Wahidul Islam and Secretary General (Acting) of DCCI Afzalul Arifien signed

the document on behalf of their respective organizations. Secretary from the Prime Minister's Office Md. Tofazzel Hossain Miah was present on the occasion as the chief guest, said a press release.

Meanwhile, besides DCCI, BIDA signed the MoU with the Ministry of Land, Department of Environment and RAJUK. Its services will be provided online through these four organizations.

According to the MoU, DCCI will provide two services which are issuing certificate of origin and membership certificate. In total 154 services through 25 organizations will be provided under the OSS.



Afzalul Arifien, Secretary General (Acting) of DCCI and Md. Wahidul Islam, Director General-II of BIDA, signed a MoU on behalf of their respective organizations. Prime Minister's Office Secretary Md. Tofazzel Hossain Miah was present on the occasion as the chief guest.

ওয়ান স্টপ সুবিধা দিতে আরো চার প্রতিষ্ঠানের সঙ্গে সমঝোতা স্বাক্ষর করল বিডা

■ ইত্তেফাক রিপোর্ট

ওয়ান স্টপ সার্ভিসের আওতায় সেবা প্রদানের লক্ষ্যে আরো চারটি প্রতিষ্ঠানের সঙ্গে সমঝোতা স্বাক্ষর করল বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা)। গতকাল বিডার প্রধান কার্যালয়ে ভূমি মন্ত্রণালয়, পরিবেশ অধিদপ্তর, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এবং ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) সিস্টেমের ইন্টিগ্রেশনের লক্ষ্যে এই সমঝোতা স্বাক্ষরিত হয়।

বিডার নির্বাহী চেয়ারম্যান মো. সিরাজুল ইসলামের সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব মো. তোফাজ্জল হোসেন মিয়া। এ সময় জানানো হয়, ওয়ান স্টপ সার্ভিস পোর্টালের মাধ্যমে এই চার প্রতিষ্ঠানের মাধ্যমে সর্বমোট ১৩টি সেবা প্রদান করা হবে। এর মাধ্যমে ই-মিউটেশন, ই-খতিয়ান এবং মিউটেড খতিয়ান সংক্রান্ত সেবা দেবে ভূমি মন্ত্রণালয়। এছাড়া ভূমি ব্যবহার ছাড়পত্র, প্ল্যান অনুমোদন, বৃহৎ ও বিশেষায়িত প্রকল্পের ছাড়পত্র এবং দখলের সনদসংশ্লিষ্ট সেবা দেবে রাজউক। পরিবেশ অধিদপ্তর চার ধরনের সেবা দেবে। এগুলো হলো—পরিবেশ অবস্থানগত ছাড়পত্র প্রদান, পরিবেশগত ছাড়পত্র প্রদান, পরিবেশগত ছাড়পত্র নবায়ন এবং ইআইএ অনুমোদন। অন্যদিকে ঢাকা চেম্বারের মাধ্যমে সার্টিফিকেট অব অরিজিন এবং মেম্বারশিপ সার্টিফিকেট-সংক্রান্ত সেবা দেওয়া হবে। প্রধান অতিথির বক্তব্যে মো. তোফাজ্জল হোসেন মিয়া বলেন, বিনিয়োগকারীদের ব্যবসা পরিচালনা জন্য লাইসেন্স এবং সার্টিফিকেট অত্যন্ত গুরুত্বপূর্ণ, যা এ প্ল্যাটফর্মের মাধ্যমে স্বল্প সময়ে হরারানি মুক্তভাবে সেবা প্রদান করা সম্ভব হবে। তিনি সরকার ও বেসরকারি খাতের মধ্যে সমন্বয় আরো বাড়ানোর আহ্বান জানান। বিডার নির্বাহী চেয়ারম্যান মো. সিরাজুল ইসলাম বলেন, ওএসএস-এর ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহারের মাধ্যমে সহজে ব্যবসা পরিচালন সূচকে উন্নতির প্রধান তিনটি গুরুত্বপূর্ণ বিষয়, যেমন প্রক্রিয়া, সময় এবং ব্যয় হ্রাস পাবে। তিনি আশা প্রকাশ করেন, এর মাধ্যমে দূর্নীতি কমেবে এবং সব কাজে স্বচ্ছতা আসবে। তিনি জানান, ওএসএস প্ল্যাটফর্মের মাধ্যমে ৩৫টি সংস্থার ১৫৪টি সেবা প্রদান সম্ভব হবে। অনুষ্ঠানে পরিবেশ সচিব জিয়াউল হাসান, ভূমি সচিব মো. মাক্ছুদুর রহমান পাটওয়ারী বক্তব্য রাখেন।

প্রথম আলো

এক দরজায় মিলবে আরও ১৩টি সেবা

বিভার সঙ্গে ৪ সংস্থার চুক্তি

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) তিনটি সরকারি সংস্থা ও একটি বাণিজ্য সংগঠনের সঙ্গে সমঝোতা স্মারক সই করেছে। এর মাধ্যমে ওই সব সংস্থা ও সংগঠনের দেওয়া ১৩টি বিনিয়োগসংক্রান্ত সেবা ওয়ান-স্টপ সার্ভিস সেন্টার (ওএসএস) বা এক দরজা থেকে পাওয়ার পথ খুলল। তবে সেবাগুলো যুক্ত হতে আরও কিছুদিন লাগবে। চার প্রতিষ্ঠান হলো ভূমি মন্ত্রণালয়, পরিবেশ অধিদপ্তর, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এবং ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)।

বিভার কার্যালয়ে গতকাল রোববার এসব সংস্থার সঙ্গে সমঝোতা স্মারক সই হয়। সে অনুযায়ী সেবাগুলো যুক্ত হলে বিনিয়োগকারীরা ভূমি মন্ত্রণালয়ের অধীন সেবা জমির ই-নামজারীকরণ, ই-খতিয়ান, নামজারি খতিয়ান ও ভূমি ব্যবহার ছাড়পত্র বিভার ওএসএস থেকেই পাবেন। একইভাবে পাবেন

রাজউকের ভূমি ব্যবহার, নকশা অনুমোদন, বৃহৎ ও বিশেষায়িত প্রকল্পের ছাড়পত্র এবং দখল সনদ। পরিবেশ অধিদপ্তর থেকে অবস্থানগত পরিবেশগত ছাড়পত্র তা নবায়ন এবং পরিবেশগত প্রভাব মূল্যায়ন (ইআইএ) অনুমোদন মিলবে। ঢাকা চেম্বারের উৎস সনদ বা সার্টিফিকেট অব অরিজিন ও সদস্যপদের সনদ বিডা ওএসএস থেকে পাওয়া যাবে।

ই-মানে হলো এসব সেবা পেতে বিনিয়োগকারীদের সংস্থায় সংস্থায় দৌড়াতে হবে না। বিভার ওয়ান-স্টপ সার্ভিসের মাধ্যমে এক জায়গা থেকে পাবেন। এখন বিডা মোট ২১টি সেবা অনলাইনে দিচ্ছে। লক্ষ্য ১৫০টি সেবাকে এর আওতায় নিয়ে আসা।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিভার নির্বাহী চেয়ারম্যান মো. সিরাজুল ইসলাম। এতে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব মো. তোফাজ্জল হোসেন মিয়া, ভূমিসচিব মো. মাকসুদুর রহমান পাটোয়ারী, পরিবেশসচিব জিয়াউল হাসান, গণপূর্ত মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মো. মমতাজ উদ্দিন, বিভার মহাপরিচালক-৫ ওয়াহিদুল ইসলাম ও পরিচালক (ওএসএস) জীবন কৃষ্ণ সাহা রায় এবং ঢাকা চেম্বারের সভাপতি শামস মাহমুদ বক্তব্য দেন।

সমকাল

বিডার ওয়ান স্টপ সার্ভিসে আরও ১৩ সেবা

■ সমকাল প্রতিবেদক

বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) ওয়ান স্টপ সার্ভিসে নতুন আরও ১৩ সেবা যুক্ত হচ্ছে। এ জন্য চার প্রতিষ্ঠানের সঙ্গে সমঝোতা স্মারক সই করেছে সংস্থাটি।

ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে সমন্বয় বাড়ানো এবং বিনিয়োগকারীদের আরও দ্রুত ও স্বচ্ছতার সঙ্গে সেবা দিতে ওএসএস কার্যক্রমের পরিধি বাড়চ্ছে বিডা। এ ধারাবাহিকতায় গতকাল রোববার ভূমি মন্ত্রণালয়, পরিবেশ অধিদপ্তর, রাজউক ও ঢাকা চেম্বারের সঙ্গে এমওইউ সই হয়।

বিডা কার্যালয়ে চুক্তি সই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রী কার্যালয়ের সচিব তোফাজ্জেল হোসেন মিয়া। বিডার নির্বাহী চেয়ারম্যান সিরাজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে পরিবেশ সচিব জিয়াউল হাসান, ভূমি সচিব মাক্ছুদুর রহমান পাটওয়ারী, ঢাকা চেম্বারের সভাপতি শামস মাহমুদ ও বিডা মহাপরিচালক ওয়াহিদুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

ঢাকা চেম্বারের ভারপ্রাপ্ত মহাসচিব আফসারুল আরিফিন ও বিডার মহাপরিচালক এমওইউতে সই করেন। এ ছাড়া ভূমি মন্ত্রণালয়, পরিবেশ অধিদপ্তর ও রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (রাজউক) প্রতিনিধিরা এমওইউতে সই করেন। ঢাকা চেম্বারের দুটি সেবা হচ্ছে সার্টিফিকেট অব অরিজিন ও মেম্বারশিপ সার্টিফিকেট। অনুষ্ঠানে জানানো হয়, ওয়ান স্টপ সার্ভিসের আওতায় ইতোমধ্যে পাঁচ কোম্পানির নিবন্ধন অনলাইনে অনুমোদন করা হয়েছে।

সমকাল



রোববার বিডা কার্যালয়ে চার প্রতিষ্ঠানের সঙ্গে ওএসএস চালু নিয়ে চুক্তি সই অনুষ্ঠানে প্রতিনিধিরা

সংগৃহীত

বণিকবার্তা

সমৃদ্ধির সহযাত্রী

বিডার ওয়ান স্টপ সার্ভিস ডিসিসিআইসহ ৪ প্রতিষ্ঠানের এমওইউ স্বাক্ষর

নিজস্ব প্রতিবেদক ■

সরকারি-বেসরকারি সংশ্লিষ্ট সংস্থাগুলোর মধ্যকার সমন্বয় বৃদ্ধি এবং বিনিয়োগকারীদের আরো দক্ষতা ও স্বচ্ছতার সঙ্গে বিভিন্ন সেবা প্রদানের জন্য বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) অনলাইন ওয়ান স্টপ সার্ভিস (ওএসএস) কার্যক্রমে অন্তর্ভুক্ত হওয়ার লক্ষ্যে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিসহ (ডিসিসিআই) চারটি প্রতিষ্ঠান সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষর করেছে।

গতকাল রাজধানীতে বিডার প্রধান কার্যালয়ে আয়োজিত এ-সংক্রান্ত অনুষ্ঠানে ঢাকা চেম্বারের ভারপ্রাপ্ত মহাসচিব আফসারুল আরিফিন এবং বিডার মহাপরিচালক-৫ (যুগ্ম সচিব) মো. ওয়াহিদুল ইসলাম ইসলাম নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব মো. তোফাজ্জল হোসেন মিয়া।

ডিসিসিআই ছাড়া বিডার সঙ্গে এমওইউ স্বাক্ষর করা অন্য তিনটি প্রতিষ্ঠান হলো ভূমি মন্ত্রণালয়, পরিবেশ অধিদপ্তর ও রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)। এ চার প্রতিষ্ঠানের মাধ্যমে ১৩টি সেবা প্রদানের সুযোগ সৃষ্টি হলো।

অনুষ্ঠানে ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ, বিডার নির্বাহী চেয়ারম্যান মো. সিরাজুল ইসলাম বক্তব্য রাখেন।

এছাড়া অনুষ্ঠানে অন্যদের মধ্যে নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে বক্তব্য রাখেন জয়নুল হাসান (সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়), মো. মাকছুদুর রহমান পাটোয়ারী (সচিব, ভূমি মন্ত্রণালয়), মো. শাহিদ উল্লা খন্দকার (সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়)।

সংবাদ

বাংলাদেশের মুখপত্র

ওয়ান স্টপ সার্ভিসে দুর্নীতি কমবে

অর্থনৈতিক বার্তা পরিবেশক

ওয়ান স্টপ সার্ভিসে দুর্নীতি কমবে এবং কাজে স্বচ্ছতা আসবে বলে মন্তব্য করেছেন বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ বিভা'র নির্বাহী চেয়ারম্যান মো. সিরাজুল ইসলাম। গতকাল বিভা ও ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) এক সমঝোতা স্বাক্ষর অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন। রাজধানীর বিভা'র প্রধান কার্যালয়ে এই চুক্তি স্বাক্ষর হয়।

বিভা'র নির্বাহী চেয়ারম্যান বলেন, ওএসএসের ডিজিটাল প্র্যাটফর্ম ব্যবহারের মাধ্যমে সহজে ব্যবসা পরিচালন সূচকে উন্নতির প্রধান ৩টি গুরুত্বপূর্ণ বিষয়, যেমন : প্রক্রিয়া, সময় এবং ব্যয় হ্রাস পাবে। এর মাধ্যমে দুর্নীতি কমবে এবং সব কাজে স্বচ্ছতা আসবে। ওএসএস প্র্যাটফর্মের মাধ্যমে ৩৫টি সংস্থার ১৫৪টি সেবা প্রদান সম্ভব হবে। ওএসএস অ্যাপটিতে ফিডব্যাকের সুযোগ রয়েছে, যার মাধ্যমে সেবা কার্যক্রম সার্বক্ষণিক পর্যবেক্ষণ করা সম্ভব হবে।

ডিসিসিআই'য়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, সরকারি-বেসরকারি সংশ্লিষ্ট সংস্থাসমূহের মধ্যকার সমন্বয় বৃদ্ধি এবং বিনিয়োগকারীদের আরও দক্ষতা ও স্বচ্ছতার সঙ্গে বিভিন্ন সেবা প্রদানের জন্য বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিভা) গৃহীত অনলাইন ওয়ান স্টপ সার্ভিস (ওএসএস) কার্যক্রমে অন্তর্ভুক্তির লক্ষ্যে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং বিভা'র মধ্যকার সমঝোতা স্মারক সই হয়। ঢাকা চেম্বারের ভারপ্রাপ্ত মহাসচিব আফসারুল আরিফিন এবং বিভা'র মহাপরিচালক-৫ (যুগ্ম সচিব) মো. ওয়াহিদুল ইসলাম নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে ওই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব মো. তোফাজ্জল হোসেন মিয়া। ডিসিসিআই ছাড়াও ভূমি মন্ত্রণালয়, পরিবেশ অধিদপ্তর এবং রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর সঙ্গেও বিভা'র সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয় আর এ চারটি প্রতিষ্ঠানের মাধ্যমে ১৩টি সেবা প্রদানের সুযোগ সৃষ্টি হলো। অনলাইন ওয়ান স্টপ সার্ভিস (ওএসএস) কার্যক্রমের আওতায় ঢাকা চেম্বার ২টি সেবা প্রদান করবে, সেগুলো হলো : সার্টিফিকেট অব অরিজিন এবং মেম্বারশিপ সার্টিফিকেট। এ যাবৎ ওএসএস কার্যক্রমের আওতায় ইতোমধ্যে ৫টি কোম্পানির নিবন্ধন অনলাইনে অনুমোদিত হয়েছে।

অনুষ্ঠানে ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ বলেন, দেশের বেসরকারিখাতের প্রথম প্রতিষ্ঠান হিসেবে ডিসিসিআই, বিভা-এর সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে। এর ফলে সহজে ব্যবসা পরিচালন সূচকে বাংলাদেশের অবস্থানের উন্নতি হবে। একই সঙ্গে স্থানীয় ও বিদেশি বিনিয়োগ বৃদ্ধি পাবে। ওএসএসের কার্যকর বাস্তবায়নের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টিসহ দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন অব্যাহত থাকবে। ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত দেশে রূপান্তরের লক্ষ্য বাস্তবায়নে সহায়ক হবে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে বর্তমান সরকারের কর্মকাণ্ডের সঙ্গে ডিসিসিআই সর্বাঙ্গিক সহযোগিতা প্রদান করবে এবং সামনের দিনগুলোতে বিভা'র সঙ্গে একযোগে কাজ করবে।

মো. তোফাজ্জল হোসেন মিয়া বলেন, বিনিয়োগকারীদের ব্যবসা পরিচালনা জন্য লাইসেন্স এবং সার্টিফিকেট অত্যন্ত গুরুত্বপূর্ণ, যা এ প্র্যাটফর্মের মাধ্যমে স্বল্প সময়ে হ্রস্বায়িত্ব মুক্তভাবে সেবা প্রদান করা সম্ভব হবে। তিনি মত প্রকাশ করেন, এ কার্যক্রমের সঙ্গে ডিসিসিআই'র সম্পৃক্ততা দেশের ব্যবসায়ী মহলের মধ্যে আরও বেশি আত্মবিশ্বাস যোগাবে। তিনি সরকারি ও বেসরকারি খাতের মধ্যে সমন্বয় আরও বাড়ানোর আহ্বান জানান, যার মাধ্যমে সামনের দিনগুলোতে আরও বেশি হারে গুণগতমানসম্পন্ন বিনিয়োগ আকর্ষণ করা সম্ভব হবে।

অনুষ্ঠানে পরিবেশ সচিব জিয়াউল হাসান এবং ভূমি সচিব মো. মাকসুদুর রহমান পাটওয়ারী বক্তব্য রাখেন। তারা বেসরকারি খাতের প্রথম সংগঠন হিসেবে এ কার্যক্রমে যুক্ত হওয়ার জন্য ঢাকা চেম্বারকে ধন্যবাদ জানান। ভূমি সচিব জানান, রক্তানিমুখী প্রতিষ্ঠানসমূহ বর্তমানে ৭ কার্যদিবসের মধ্যে জমির নামজারি প্রক্রিয়া সম্পাদন করতে পারছেন, যার ফলে ব্যবসায় ব্যয় হ্রাস সম্ভব হচ্ছে। পরিবেশ সচিব বলেন, অনলাইন কার্যক্রমের ফলে ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ কর্মকাণ্ড আরও সম্প্রসারিত হবে এবং দেশে অধিক হারে কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে, যা আমাদের অর্থনীতির জন্য অত্যন্ত আশাব্যঞ্জক একটি বিষয়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন বিভা মহাপরিচালক ওয়াহিদুল ইসলাম।

দেশ রূপান্তর

ওয়ান স্টপ সার্ভিসেস আরও ১৩ সেবা যুক্ত হচ্ছে

নিজস্ব প্রতিবেদক

সহজে ব্যবসাকরণ সূচকে উন্নতি আনতে আরও চার প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি করেছে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)। দেশে বিনিয়োগকারীদের ভোগান্তি কমাতে এক জায়গায় সব সেবা নিশ্চিত (ওয়ান স্টপ সার্ভিসেস) কাজ করছে বিডা। এরই অংশ হিসেবে গতকাল ভূমি মন্ত্রণালয়, পরিবেশ অধিদপ্তর, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এবং ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) সেবা এক জায়গায় পেতে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এসব চুক্তির ফলে আগামীতে অনলাইন যোগাযোগসাপেক্ষে ওয়ান স্টপ সার্ভিসেস (ওএসএস) পোর্টালের মাধ্যমে মোট ১৩টি সেবা প্রদান করা সম্ভব হবে। বর্তমানে ওএসএস পোর্টালে ২১ ধরনের সেবা দিচ্ছে বিডা। গতকাল বিডা এ তথ্য জানিয়েছে।

২০১৯ সালে ব্যবসা সহজীকরণ সূচকে বিশ্বের ১৯০টি দেশের মধ্যে বাংলাদেশের বর্তমান অবস্থান ১৬৮তম, যা আগের বছর ছিল ১৭৬তম। এ ক্ষেত্রে ক্ষুদ্র বিনিয়োগকারীদের সুরক্ষায় বাংলাদেশের অবস্থান ৭২তম, ঋণ পাওয়ার ক্ষেত্রে ১১৯তম, ব্যবসা শুরু করার দিক থেকে ১৩১তম, কর প্রদানে ১৫১তম। এছাড়া নির্মাণ অনুমতির ক্ষেত্রে বাংলাদেশের অবস্থান ১৩৫তম, বিদ্যুৎ সংযোগ পাওয়ার ক্ষেত্রে ১৭৬তম এবং জমি নিবন্ধনের ক্ষেত্রে ১৮৪তম অবস্থানে। ২০২১ সালের মধ্যে বিশ্বব্যাংকের ব্যবসা সহজীকরণ সূচকে ৯৯তম স্থানে আসার ঘোষণা রয়েছে সরকারের। এ সূচকে উন্নতি করতে বিভিন্ন সরকারি সংস্থার সঙ্গে চুক্তি করে ব্যবসার পরিবেশ সহজীকরণের উদ্যোগ নিচ্ছে বিডা। বিশ্বব্যাংক বলছে, ব্যবসার পরিবেশকে ১০টি সূচকের ওপর ভিত্তি করে স্কোর করা হয়। যে ১০টি সূচকের ওপর ভিত্তি করে প্রতিবেদনটি তৈরি করা হয় সেগুলো হলো— ব্যবসা শুরু, অবকাঠামো নির্মাণের অনুমতি, বিদ্যুতের প্রাপ্যতা, সম্পত্তি নিবন্ধন, ঋণের প্রাপ্যতা, ক্ষুদ্র বিনিয়োগকারীদের সুরক্ষা, কর পরিশোধ, বৈদেশিক বাণিজ্য, চুক্তির বাস্তবায়ন এবং অসচ্ছলতা দূরীকরণ। বিশ্বব্যাংকের ব্যবসা সহজীকরণ সূচকে বাংলাদেশকে ৯৯তম আনতে প্রায় চার বছর আগে ৮৮টি সংস্থার প্রস্তাব দেওয়া হয়েছিল বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও অধিদপ্তরে। কিন্তু এ সময়ে সরকারি বিভিন্ন সংস্থার অনাগ্রহে কাজকর্ম অগ্রগতি হয়নি। তবে ব্যবসায়ীদের ভোগান্তি কমাতে এক জায়গায় সব সেবা দিতে বিডা তার কার্যক্রম অব্যাহত রেখেছে। এরই ধারাবাহিকতায় ভোগান্তি ছাড়া বিভিন্ন সেবা নিশ্চিত চার সংস্থার সঙ্গে চুক্তি করেছে বিডা। এর ফলে

ভূমি মন্ত্রণালয় বিডায় নিবন্ধিত ব্যবসায়ীদের দ্রুততম সময়ে ই-মিউটেশন, ই-খতিয়ান ও মিউটেড খতিয়ান সেবা অনলাইনে দেবে। আর রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) ভূমি ব্যবহার ছাড়পত্র, প্ল্যান অনুমোদন, বৃহৎ ও বিশেষায়িত প্রকল্পের ছাড়পত্র এবং দখলের সনদ সেবা ওয়ান স্টপ সার্ভিসেস পোর্টালের মাধ্যমে দেবে। এর ফলে অবকাঠামো নির্মাণের অনুমতির যে সূচকটি রয়েছে, তাতে উন্নতি আসবে। এছাড়া পরিবেশ অধিদপ্তর পরিবেশ অবস্থানগত ছাড়পত্র প্রদান, পরিবেশগত ছাড়পত্র প্রদান, পরিবেশগত ছাড়পত্র নবায়ন ও ইআইএ অনুমোদন দেবে। আর ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (ডিসিসিআই) অনলাইনে সার্টিফিকেট অব অরিজিন ও মেম্বারশিপ সার্টিফিকেট প্রদান করবে।

ভূমি মন্ত্রণালয়, পরিবেশ অধিদপ্তর, রাজউক এবং ডিসিসিআইয়ের মাধ্যমে মিউটেশন, খতিয়ান, ভূমি ব্যবহার ছাড়পত্র, প্ল্যান অনুমোদন, বৃহৎ ও বিশেষায়িত প্রকল্পের ছাড়পত্র, পরিবেশগত ছাড়পত্র প্রদানসহ বিভিন্ন সেবা আগামীতে ওয়ান স্টপ সার্ভিসেস পোর্টালে পাওয়া যাবে

সমঝোতা স্মারক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব মো. তোফাজ্জল হোসেন মিয়া বলেন, ওএসএস মাধ্যমে বিনিয়োগে আস্থার পরিবেশ নিশ্চিত করতে হবে। আমাদের খেয়াল রাখতে হবে যাতে প্রযুক্তির ব্যবহার করে দ্রুততম সময়ে কম খরচে দেশি-বিদেশি বিনিয়োগকারীরা আন্তর্জাতিক মানের বিনিয়োগ সেবা পেতে পারেন।

এ সময়ে অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে বিডার নির্বাহী চেয়ারম্যান সিরাজুল ইসলাম বলেন, 'শুধু সমঝোতা স্মারক স্বাক্ষর নয়, দ্রুত এর বাস্তবায়ন ঘটিয়ে, প্রযুক্তিকে সর্বোচ্চ কাজে লাগিয়ে ওএসএসের মাধ্যমে একই প্ল্যাটফর্ম থেকে বিনিয়োগকারীকে আমাদের সর্বোচ্চ সেবা প্রদান নিশ্চিত করতে হবে। আর সেই লক্ষ্যেই কাজ করছে বিডা।'

অনুষ্ঠানে বিডার মহাপরিচালক ওহিদুল ইসলাম স্বাগত বক্তব্য প্রদান করেন ও পরিচালক জীবন কৃষ্ণ সাহা রায় ওএসএস বর্তমান তথ্য ও ভবিষ্যৎ পরিকল্পনা উপস্থাপনা করেন। এছাড়াও নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে জয়নুল হাসান (সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়), মো. মাকসুদুর রহমান পাটোয়ারী (সচিব, ভূমি মন্ত্রণালয়), মো. শাহিদ উল্লাহ খন্দকার (সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়) এবং শামস মাহমুদ, (সভাপতি, ডিসিসিআই) প্রমুখ বক্তব্য রাখেন। ২০১৯ সালে ২৪ ফেব্রুয়ারি অনলাইনভিত্তিক ওয়ান স্টপ সার্ভিসেস পোর্টালের কার্যক্রম চালু করে বিডা। ভবিষ্যতে ওয়ান স্টপ সার্ভিসেস পোর্টালের মাধ্যমে ৩৫টি সেবা প্রদানকারী সংস্থার ১৫৪টিরও বেশি সেবা প্রদান করা হবে। বর্তমানে বিডা ওয়ান স্টপ সার্ভিসেস পোর্টালের মাধ্যমে সাতটি সংস্থার ২১টি সেবা প্রদান করছে। এর মধ্যে যৌথ মূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর নামের ছাড়পত্র, কোম্পানি নিবন্ধন ছাড়াও জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) অনলাইনে ই-টিআইএন সেবা দিচ্ছে। এছাড়া বিডা প্রকল্প নিবন্ধন, অফিস স্থাপনের অনুমতি, ভিসা সুপারিশ, কর্মানুমতি, রেমিট্যান্স সার্ভিসেসসহ মোট ১৪ ধরনের সেবা দিয়ে থাকে। অনলাইন পেমেণ্টে সোনালী ব্যাংক, আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র যাচাইকরণে নির্বাচন কমিশন সচিবালয়, বিদেশি নাগরিকদের অনুকূলে সিকিউরিটি ক্লিয়ারেন্স প্রদানে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগ ও ভূমি ব্যবহারের ছাড়পত্রে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ ওয়ান স্টপ সার্ভিসেসের মাধ্যমে সেবা দিয়ে থাকে।

এর বাইরে বৈদ্যুতিক সংযোগ প্রদান, ই-ভ্যাট রেজিস্ট্রেশন, বিআইএন সার্টিফিকেট প্রদান, বন্ডেড ওয়ারাহাউজ লাইসেন্স প্রদান, আয়কর রিটার্ন দাখিল, বিদেশি কোম্পানির (ব্রাঞ্চ/লিয়াজৌ/রিপ্রেজেন্টেটিভ অফিস) নিবন্ধন, পরিচালকমণ্ডলীর তালিকা পরিবর্তন, মূলধন বাড়ানো, রিটার্ন ফাইলিং আমদানি-রপ্তানি নিবন্ধন সনদ প্রদান ও ট্রেড লাইসেন্স প্রদানসহ আরও ২৮টি সেবা ওএসএস পোর্টালের মাধ্যমে প্রদান করতে এনবিআর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ডেসকো, ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশনসহ বিভিন্ন সরকারি সংস্থার সঙ্গে চুক্তি হয়েছে।

বিডার কর্মকর্তারা জানান, বিশ্বব্যাংকের ব্যবসা সহজীকরণ সূচকে উন্নতি আনতে ১৯৯৪ সালের কোম্পানি আইন সংশোধনের প্রস্তাব দেওয়া হয়েছে। কিন্তু দীর্ঘদিন ধরে আইনটি সংশোধন প্রক্রিয়া বুলে আছে। আইনটি সংশোধন করা গেলে ব্যবসা শুরুর যে সূচকটি আছে, সেখানে ব্যাপক উন্নতি করা সম্ভব হবে।

ওয়ান স্টপ সার্ভিস সেবা প্রদানে বিডা ও ঢাকা চেম্বারের মধ্যে চুক্তি স্বাক্ষর

অর্থনৈতিক রিপোর্টার ॥ বিনিয়োগকারীদের আরও দক্ষতা ও স্বচ্ছতার সঙ্গে বিভিন্ন সেবা প্রদানের জন্য বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) গৃহীত অনলাইন ওয়ান স্টপ সার্ভিস (ওএসএস) কার্যক্রমে অন্তর্ভুক্তির লক্ষ্যে ঢাকা চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং বিডার মধ্যকার সমঝোতা স্মারক অনুষ্ঠান ২৩ আগস্ট রাজধানীতে বিডার প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়।

ঢাকা চেম্বারের ভারপ্রাপ্ত মহাসচিব আফসারুল আরিফিন এবং বিডার মহাপরিচালক-৫ (যুগ্ম সচিব) ওয়াহিদুল ইসলাম নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে উক্ত সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব তোফাজ্জল হোসেন মিয়া। উল্লেখ্য, ডিসিসিআই ছাড়াও ভূমি মন্ত্রণালয়, পরিবেশ অধিদফতর এবং রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)-এর সঙ্গেও বিডার সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। আর এ চারটি প্রতিষ্ঠানের মাধ্যমে ১৩টি সেবা প্রদানের সুযোগ সৃষ্টি হলো।

বিভার সঙ্গে ঢাকা চেম্বারের চুক্তি

● নিজস্ব প্রতিবেদক

সরকারি-বেসরকারি সংশ্লিষ্ট সংস্থাসমূহের মধ্যকার সমন্বয় বৃদ্ধি এবং বিনিয়োগকারীদের আরও দক্ষতা ও স্বচ্ছতার সঙ্গে বিভিন্ন সেবা প্রদানের জন্য বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) গৃহীত অনলাইন ওয়ান স্টপ সার্ভিস (ওএসএস) কার্যক্রমে অন্তর্ভুক্তির লক্ষ্যে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং বিভার মধ্যকার সমঝোতা স্মারক অনুষ্ঠান রোববার রাজধানীতে বিভার প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়। ঢাকা চেম্বারের ভারপ্রাপ্ত মহাসচিব আফসারুল আরিফিন এবং বিভার মহাপরিচালক-৫ (যুগ্ম সচিব) মো. ওয়াহিদুল ইসলাম নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে ওই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব মো. তোফাজ্জল হোসেন মিয়া।

উল্লেখ্য, ডিসিসিআই ছাড়াও ভূমি মন্ত্রণালয়, পরিবেশ অধিদফতর এবং রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (রাজউক) সঙ্গেও বিভার সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয় আর এ চারটি প্রতিষ্ঠানের মাধ্যমে ১৩টি সেবা প্রদানের সুযোগ সৃষ্টি হলো।

অনলাইন ওয়ান স্টপ সার্ভিস কার্যক্রমের আওতায় ঢাকা চেম্বার ২টি সেবা প্রদান করবে, সেগুলো হলো- সার্টিফিকেট অব অরিজিন এবং মেম্বরশিপ সার্টিফিকেট। এ যাবৎ ওএসএস কার্যক্রমের আওতায় ইতোমধ্যে ৫টি কোম্পানির নিবন্ধন অনলাইনে অনুমোদিত হয়েছে।

দেশ রূপান্তর



ভোগান্তি ছাড়া বিভিন্ন সেবা নিশ্চিত করে চার সংস্থার সঙ্গে চুক্তি করেছে বিডা

ওয়ান স্টপ সার্ভিস

সেবা প্রদানের লক্ষ্যে বিডা-ডিসিসিআই চুক্তি

নিজস্ব প্রতিবেদক

সরকারি-বেসরকারি সংশ্লিষ্ট সংস্থাগুলোর মধ্যকার সমন্বয় বৃদ্ধি এবং বিনিয়োগকারীদের আরও দক্ষতা ও স্বচ্ছতার সঙ্গে বিভিন্ন সেবা প্রদানের জন্য বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) গৃহীত অনলাইন ওয়ান স্টপ সার্ভিস (ওএসএস) কার্যক্রমে অন্তর্ভুক্তির লক্ষ্যে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) ও বিডার মধ্যকার সমঝোতা স্মারক সই হয়েছে।

গতকাল রাজধানীতে বিডার প্রধান কার্যালয়ে এ সমঝোতা স্মারক সই হয়। ডিসিসিআই'র ভারপ্রাপ্ত মহাসিচব আফসারুল আরিফিন ও বিডার মহাপরিচালক-৫ (যুগ্ম সচিব) মো. ওয়াহিদুল ইসলাম ইসলাম নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সই করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব মো. তোফাজ্জল হোসেন মিয়া।

ডিসিসিআই ছাড়াও ভূমি মন্ত্রণালয়, পরিবেশ অধিদপ্তর

এবং রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (রাজউক) সঙ্গেও বিডার সমঝোতা সই হয়েছে। আর এ চারটি প্রতিষ্ঠানের মাধ্যমে ১৩টি সেবা প্রদানের সুযোগ সৃষ্টি হলো।

অনলাইন ওয়ান স্টপ সার্ভিস (ওএসএস) কার্যক্রমের

আওতায় ঢাকা চেম্বার দুটি সেবা প্রদান করবে। সেগুলো হলো সার্টিফিকেট অব অরিজিন ও মেম্বারশিপ সার্টিফিকেট। ওএসএস কার্যক্রমের আওতায় এরই মধ্যে পাঁচটি কোম্পানির নিবন্ধন অনলাইনে অনুমোদিত হয়েছে।

অনুষ্ঠানে ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ বলেন, দেশের বেসরকারি খাতের প্রথম প্রতিষ্ঠান হিসেবে ডিসিসিআই, বিডার সঙ্গে সমঝোতা সই করেছে, যার ফলে সহজে ব্যবসা পরিচালন সূচকে বাংলাদেশের অবস্থানের উন্নতি হবে, একই সঙ্গে স্থানীয় ও বিদেশি বিনিয়োগ বৃদ্ধি পাবে। তিনি বলেন, ওএসএসের কার্যকর

এরপর পৃষ্ঠা ২ কলাম ৬

বাস্তবায়নের মাধ্যমে কর্মসংস্থান সৃštisহ দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন অব্যাহত থাকবে এবং ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত দেশে রূপান্তরের লক্ষ্য বাস্তবায়নে সহায়ক হবে। ঢাকা চেম্বারের সভাপতি আরও বলেন, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে বর্তমান সরকারের কর্মকাণ্ডের সঙ্গে ডিসিসিআই সর্বাঙ্গিক সহযোগিতা প্রদান করবে এবং সামনের দিনগুলোয় বিডার সঙ্গে একযোগে কাজ করবে।

বিডার নির্বাহী চেয়ারম্যান মো. সিরাজুল ইসলাম বলেন, ওএসএসের ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহারের মাধ্যমে সহজে ব্যবসা পরিচালন সূচকে উন্নতির প্রধান তিনটি গুরুত্বপূর্ণ বিষয়, যেমন প্রক্রিয়া, সময় ও ব্যয় হ্রাস পাবে। তিনি আশা প্রকাশ করেন, এর মাধ্যমে দুর্নীতি কমেবে এবং সব কাজে স্বচ্ছতা আসবে। বিডার নির্বাহী চেয়ারম্যান জানান, ওএসএস প্ল্যাটফর্মের মাধ্যমে ৩৫টি সংস্থার ১৫৪টি সেবা প্রদান সম্ভব হবে। তিনি আরও বলেন, ওএসএস অ্যাপটিতে ফিডব্যাকের সুযোগ রয়েছে, যার মাধ্যমে সেবা কার্যক্রম সার্বক্ষণিকভাবে পর্যবেক্ষণ করা সম্ভব হবে।

প্রধান অতিথির বক্তব্যে মো. তোফাজ্জল হোসেন মিয়া বলেন, বিনিয়োগকারীদের ব্যবসা পরিচালনা জন্য

লাইসেন্স ও সার্টিফিকেট অত্যন্ত গুরুত্বপূর্ণ, যা দিয়ে প্ল্যাটফর্মের মাধ্যমে স্বল্প সময়ে হয়রানিমুক্তভাবে সেবা প্রদান করা সম্ভব হবে। তিনি মত প্রকাশ করেন, কার্যক্রমের সঙ্গে ডিসিসিআই'র সম্পৃক্ততা দেশে ব্যবসায়ী মহলের মধ্যে আরও বেশি আত্মবিশ্বাস জোগাবে। তিনি সরকারি ও বেসরকারি খাতের মধ্যে সমন্বয় আরও বাড়ানোর আহ্বান জানান, যার মাধ্যমে সামনের দিনগুলোয় আরও বেশি হারে গুণগত মানসম্পন্ন বিনিয়োগ আকর্ষণ করা সম্ভব হবে।

অনুষ্ঠানে পরিবেশ সচিব জিয়াউল হাসান, এনডিসি ভূমি সচিব মো. মাক্ছুদুর রহমান পাটওয়ারী বক্তব্য রাখেন। তারা বেসরকারি খাতের প্রথম সংগঠন হিসেবে এ কার্যক্রমে যুক্ত হওয়ার জন্য ঢাকা চেম্বারকে ধন্যবাদ জানান। ভূমি সচিব জানান, রপ্তানিমুখী প্রতিষ্ঠানগুলো বর্তমানে সাত কার্যদিবসের মধ্যে জমির নামজারি প্রক্রিয়া সম্পাদন করতে পারছে, যার ফলে ব্যবসায় ব্যয় হ্রাস করা সম্ভব হচ্ছে। পরিবেশ সচিব বলেন, অনলাইন কার্যক্রমের ফলে ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ কর্মকাণ্ড আরও সম্প্রসারিত হবে এবং দেশে অধিক হারে কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে, যা আমাদের অর্থনীতি জন্য অত্যন্ত আশাব্যঞ্জক একটি বিষয়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন বিডা মহাপরিচালক ওয়াহিদুল ইসলাম।